



নানাবাড়িতেই চিরনিদ্রায় শায়িত হলেন কারিনা কায়সার



কারিনা কায়সার। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক তারকা ফুটবলার কায়সার হামিদ—এর মেয়ে জনপ্রিয় কনটেন্ট ক্রিয়েটর ও অভিনেত্রী কারিনা কায়সার—এর দাফন সম্পন্ন হয়েছে। সোমবার (১৮ মে) সকালে মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলার ভবেরচর ইউনিয়নের আব্দুল্লাহপুর এলাকায় নানাবাড়ির আঙিনায় জানাজা শেষে তাকে চিরনিদ্রায় শায়িত করা হয়।

সকাল ৭টার দিকে অ্যাঙ্গুলেসে করে ঢাকার বাসা থেকে কারিনার মরদেহ গজারিয়ায় পৌঁছালে এলাকায় শোকের আবহ নেমে আসে। পরিবারের সদস্য, স্বজন ও স্থানীয়দের উপস্থিতিতে সকাল ৮টার দিকে জানাজা অনুষ্ঠিত হয়।

পারিবারিক সূত্র জানায়, কারিনা কায়সার ছিলেন পুরান বাউশিয়া গ্রামের প্রয়াত ডা. আবুল খায়ের বাচ্চু ও ডা. জোহরা খানম পারুলের নাতনী। যদিও তাদের মূল বাড়ি পুরান বাউশিয়ায়, তবে নানি ডা. জোহরা খানম পারুলের আব্দুল্লাহপুরের বাগানবাড়িতেই মরদেহ রাখা হয় এবং সেখানেই দাফনের আয়োজন সম্পন্ন করা হয়।

পরিবারের সিদ্ধান্ত অনুযায়ী পুরো জানাজা ও দাফনের আয়োজন ছিল একান্ত ব্যক্তিগত। অনুষ্ঠানে ছবি বা ভিডিও ধারণের অনুমতি দেওয়া হয়নি। এমনকি গণমাধ্যমকর্মীদেরও দূর থেকে অবস্থান করতে অনুরোধ জানানো হয়।

কারিনার ভাই সাদ্দাফ হামিদ বলেন, এই বাড়িটি তাদের মা ও কারিনা কায়সারের খুব প্রিয় ছিল। ভবিষ্যতে এ স্থান ঘিরে পরিবারের কিছু পরিকল্পনাও রয়েছে, যা পরিস্থিতি স্বাভাবিক হলে বাস্তবায়ন করা হবে।

দীর্ঘদিন ধরে লিভারের জটিলতায় ভুগছিলেন কারিনা কায়সার। শারীরিক অবস্থার অবনতি হলে প্রথমে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে তাকে লাইফ সাপোর্টে রাখা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য গত ১১ মে রাতে এয়ার অ্যাঙ্গুলেসে ভারতের চেন্নাই নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় গত শুক্রবার (১৫ মে) তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।